

স্কুল বন্ধ থাকলে বাসা থেকে শিক্ষা গ্রহণ করা

পিতা-মাতা ও অভিভাবকদের জন্য তথ্যাবলী

আপনার সন্তানের স্কুল যদি বন্ধ করার দরকার হয় সেক্ষেত্রে স্কুল নিয়মিত পদ্ধতিতে পরিবারের সাথে যোগাযোগ করবে (এটা হতে পারে ইমেইল, SMS, ওয়েবসাইটের মাধ্যমে)

যদি স্কুল দীর্ঘ সময়ের জন্য বন্ধ থাকে, তাহলে স্কুল বাড়িতে করার মত শিক্ষামূলক কাজ আপনার সন্তানকে দিয়ে যেতে থাকবে এবং তাদের শিক্ষা গ্রহণের বিষয়ে আপনার সাথে যোগাযোগ করবে।

রাজ্যজুড়ে অনেক স্কুলে শিক্ষকরা ইতিমধ্যে অনলাইন পদ্ধতিতে শিক্ষার্থীদের পড়া দিচ্ছেন ও শিক্ষা গ্রহণের কার্যক্রম দেখভাল করছেন। কিছু স্কুল এই অনলাইন শিক্ষা গ্রহণের ক্ষেত্রে আরও অগ্রসর হতে পারে অথবা তারা আপনার সন্তানের শিক্ষা গ্রহণের সমস্ত কার্যক্রম অনলাইনে দিয়ে দিবে। এর মধ্যে কিছু সরাসরি অনলাইনে শিক্ষা গ্রহণও অন্তর্ভুক্ত থাকতে পারে। যদি আপনার বা আপনার স্কুলের ডিজিটাল বা অনলাইন ব্যবস্থা না থাকে, তবে নন-ডিজিটাল কৌশল ব্যবহার করা হবে। যেমন আপনার সন্তানের জন্য কাগজে ছাপানো অনুশীলনপত্র, পড়ার বই বা USB ড্রাইভ আপনার বাসায় পাঠানো হবে যার মধ্যে থাকবে ডিজিটাল ওয়ার্কশিট এবং ভিডিও অথবা আপনাকে মেইল করা হতে পারে।

শিক্ষকরা ছাত্রদের সাথে দলগতভাবে বা একজন একজন করে ফোনের মাধ্যমে যোগাযোগ করতে পারেন।

বাড়িতে শিক্ষা গ্রহণের কাজে কিভাবে আপনার সন্তানকে সাহায্য করবেন সেই বিষয়ে ভালভাবে বুঝতে তথ্য সম্বলিত এই পাতা আপনাকে সাহায্য করবে। যার মধ্যে রয়েছে:

- আপনার দায়িত্বাবলী - বাড়িতে পড়াশুনার কাজে আপনার সন্তানকে সাহায্য করতে কিছু বিষয় রয়েছে যা আপনাকে করতে হবে যেমন, রুটিন তৈরী করা, নিরিবিলি স্থান বের করা এবং শিক্ষা গ্রহণ কেমন আগাচ্ছে তার খোঁজ-খবর করা।
- আপনার সন্তানের দায়িত্বাবলী - আপনার সন্তানের দায়িত্ব হল তার জন্য তৈরী করা রুটিন অনুসরণ করা এবং শিক্ষকের দেয়া কাজগুলো ভালভাবে সম্পন্ন করা।
- তাদের দৈনন্দিন কার্যকলাপের পরিকল্পনা কিভাবে করবেন - আপনার সন্তানের দিনে কি করা উচিত এই বিষয়ের উপর স্কুল আপনাকে কিছু উপদেশ এবং পথনির্দেশনা দিবে।
- তাদের কল্যাণ দেখভাল করা - আপনাকে নিশ্চিত করতে হবে যে তারা যেন বিরতি পায়, পানি পান করে এবং চাপ বা উদ্বেগ অনুভব না করে।
- যোগাযোগ - আপনার সন্তানের সাথে তার পড়াশোনা নিয়ে নিয়মিত কথা বলা খুবই গুরুত্বপূর্ণ। আপনার সন্তানের শিক্ষক এবং/অথবা স্কুল আপনার সাথে যোগাযোগ করবে এবং বলবে কিভাবে আপনি সন্তানের সাথে যোগাযোগ রাখবেন।
- প্রযুক্তির ব্যবহার এবং স্ক্রিন টাইম - আপনার সন্তান নিরাপদভাবে প্রযুক্তি ব্যবহার করছে কি না সেই বিষয়ে নজরদারি করা গুরুত্বপূর্ণ। অনলাইনে সময় কাটানো সীমাবদ্ধ করে দিন।

টেলিফোন দোভাষী সার্ভিস

যদি আপনার আরো তথ্যাবলী প্রয়োজন হয় অনুগ্রহ করে আপনার স্কুলের অধ্যক্ষকে কল করুন। আপনার অনুসন্ধানের জন্য যদি একজন দোভাষীর সহায়তার প্রয়োজন হয়, অনুগ্রহ করে 131 450 নম্বরএ টেলিফোন দোভাষী সার্ভিসে কল করুন এবং আপনার ভাষার একজন দোভাষী চান। এই সার্ভিস আপনাকে বিনামূল্যে প্রদান করা হয়।